

জেলা	:	ঢাকা
মোকাম	:	অর্থস্বন আদালত নং-১, ঢাকা
উপস্থিত	:	জনাব মোঃ হাসান জামান, জজ (যুগ্ম জেলা জজ)
মামলা নম্বর	:	অর্থস্বন মামলা নং- ১৯৭২/২০২৩

ক্রমিক ও তারিখ	আদেশ
২০ ০৫/০৩/২০২৬	<p>অদ্য হস্তলিপি বিশারদ দ্বারা স্বাক্ষর পরীক্ষার বিষয়ে দাখিলকৃত দরখাস্তের উপর প্রয়োজনীয় আদেশের জন্য দিন ধার্য ছিল। বাদীপক্ষ এবং ৩ নং বিবাদীপক্ষ পৃথক পৃথক হাজিরা দাখিল করেন। নথি আদেশের জন্য গ্রহণ করা হলো।</p> <p>নথি পর্যালোচনায় প্রতীয়মান হয় যে, বাদী লংকা-বাংলা ফাইন্যান্স লিমিটেড কর্তৃক দাখিলকৃত ঋণ আবেদনপত্রে Personal Guarantor-2 হিসেবে ৩ নং বিবাদী এ বি এম কামরুল হাসান-এর নামে একটি স্বাক্ষর সংযুক্ত রয়েছে। উক্ত স্বাক্ষরের সত্যতা নিরূপণের নিমিত্তে নথিতে নিম্নবর্ণিত কাগজপত্র সামিল পাওয়া যায়, যথা (ক) এ বি এম কামরুল হাসান কর্তৃক কার্টিজ পেপারে প্রদত্ত নমুনা স্বাক্ষর সম্বলিত ১০ (দশ) ফর্দ, (খ) IFIC Bank-এ সংরক্ষিত তাহার স্বাক্ষরযুক্ত ০৩ (তিন)টি অ্যাকাউন্ট ওপেনিং ফরম, এবং (গ) স্বাক্ষর সম্বলিত নমুনা কার্ড, এছাড়াও হস্তলিপি বিশারদ কর্তৃক পরীক্ষা সম্পাদনের জন্য প্রয়োজনীয় ফি বাবদ ৩,০০০/- (তিন হাজার) টাকার চালান নথিতে দাখিল রয়েছে।</p> <p>হস্তলিপি বিশারদের দরখাস্তসহ সমুদয় নথি পর্যালোচনা করে দেখা গেল যে, ৩ নং বিবাদী এ বি এম কামরুল হাসান বাদী কর্তৃক দাখিলকৃত ঋণ আবেদনপত্রে Personal Guarantor-2 হিসেবে প্রদর্শিত স্বাক্ষর অস্বীকার করেছেন। এমতাবস্থায় উক্ত স্বাক্ষরের সত্যতা নিরূপণের জন্য হস্তলিপি বিশারদ দ্বারা তুলনামূলক পরীক্ষা গ্রহণপূর্বক বিশেষজ্ঞ মতামত গ্রহণ করা ন্যায়সঙ্গত ও প্রয়োজনীয় বিবেচিত হলো।</p> <p>এমতাবস্থায়, ৩ নং বিবাদী এ বি এম কামরুল হাসান কর্তৃক কার্টিজ পেপারে প্রদত্ত নমুনা স্বাক্ষরসমূহ, IFIC Bank-এর অ্যাকাউন্ট ওপেনিং ফরমে সংরক্ষিত স্বাক্ষরসমূহ এবং নমুনা স্বাক্ষর কার্ডে সংরক্ষিত স্বাক্ষরের সহিত অত্র মামলায় বাদীপক্ষ কর্তৃক দাখিলকৃত ঋণ আবেদনপত্রে Personal Guarantor-2 হিসেবে প্রদত্ত স্বাক্ষর এক ও অভিন্ন কিনা তা সংশ্লিষ্ট হস্তলিপি বিশারদ দ্বারা তুলনামূলক পরীক্ষান্তে বিশেষজ্ঞ মতামত প্রাপ্তির লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে পুলিশের অতিরিক্ত মহাপরিদর্শক (সি.আই.ডি.), বাংলাদেশ পুলিশ, ঢাকা-কে নির্দেশ প্রদান করা হলো।</p> <p>অত্র আদেশের সত্যায়িত অনুলিপির সাথে সংশ্লিষ্ট মূল ঋণ আবেদনপত্র ও গ্যারান্টিপত্র, কার্টিজ পেপারে প্রদত্ত নমুনা স্বাক্ষরসমূহ, IFIC Bank-এর অ্যাকাউন্ট ওপেনিং ফরম এবং নমুনা স্বাক্ষর কার্ড সংযুক্তক্রমে অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে পুলিশের অতিরিক্ত মহাপরিদর্শক (সি.আই.ডি.), বাংলাদেশ পুলিশ, ঢাকা বরাবর প্রেরণ করা হোক।</p> <p>পরবর্তী তারিখ ২৬/০৪/২০২৬ খ্রিঃ নির্ধারণ করা হলো, Expert Opinion প্রাপ্তির জন্য।</p> <p style="text-align: right;">স্বাক্ষরিত মোঃ হাসান জামান</p>

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থস্বন আদালত নং-১ - এর কার্যালয়, ঢাকা

স্মারক নম্বর -

তারিখ - / /২০২৬ খ্রিঃ

অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো ---

- ১) পুলিশের অতিরিক্ত মহাপরিদর্শক (সি.আই.ডি.), বাংলাদেশ পুলিশ, ঢাকা
- ২) অফিস কপি।

সংযুক্তি :

- ক) এ বি এম কামরুল হাসান নামীয় সাক্ষর সম্বলিত খন আবেদনপত্র ফরম (তর্কিত সাক্ষর সম্বলিত দলিল)
- খ) কার্টিজ পেপার ০২ ফর্দ
- গ) IFIC Bank এর একাউন্ট ওপেনিং ফরম
- ঘ) নমুনা সাক্ষরের কার্ড

নির্দেশনা : উক্ত কাগজাদি বিশেষজ্ঞ মতামতের সঙ্গে ফেরত প্রদান করতে হবে।

(মোঃ হাসান জামান)

জজ (যুগ্ম জেলা জজ)

অর্থস্বন আদালত নং-১, ঢাকা

--	--	--